অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.৩৫.০০৫.২০২২-১৪৪

তারিখ ঃ ০৫ মার্চ২০২৩ খ্রিঃ।

বিষয় ঃ ঐতিহাসিক ৭ই মার্চের,২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিতি নিশ্চিত করা সংক্রান্ত।

সূত্র ঃ গত ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বছরই মুজিব বর্ষে প্রথমবারের মত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঐতিহাসিক ৭ই মার্চ-কে 'ক' শ্রেণীভূক্ত জাতীয় দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচীর আওতায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের যৌথ ব্যবস্থাপনায় দিনব্যপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে ( প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর ছায়ালিপি সংযুক্ত)। ৭ইমার্চ,২০২৩ উদযাপনের প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে তার অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিতব্য আলোচনাসভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরনী অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থাকার জন্য তাকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে- কর্মসূচি- ০১(এক) প্রস্থ।

শুভাশিস ঘোষ
উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

উপজেলা............................................ অফিসার (সকল)
কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.৩৫.০০৫.২০২২-১৪৪/১(৯)

তারিখ ঃ ০৫ মার্চ,২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৬। জেলা প্রশাসক,কুমিল্লা।
০৭। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৯। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

# ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।

তারিখ ঃ২৮/০২/২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১১.৩০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবর্গের উপস্থিতি( স্বাক্ষরের ক্রমানুসারেনুসারে ) ঃ পরিশিষ্ট "ক" ।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর " মেমোরি অব দ্য ওয়াল্ড ইন্টারন্যাশনাল রেজিস্ট্রার" এ অর্ন্তভূক্তির মাধ্যমে " বিশ্ব প্রামান্য ঐতিহ্যের " স্বীকৃতি লাভ করায় এ অসামান্য অর্জনকে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১৭/০১/২০২৩খ্রিস্টাব্দের ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৭.২১-১৪৯ নং স্মারকের পত্র এবং জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের ২৮/০২/২০২৩ খ্রিস্টাব্দের ০৫.২০.১৯০০.০১৫.১৬.০০৬.২২-২৩৯ নং স্মারকে ঐতিহাসিক ৭ই মার্চের জেলা পর্যায়ের প্রস্তুতিমূলক সভা/২০২৩ এর কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভায় উক্ত স্মারকের নির্দেশনা অনুসরণে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচি অনুসরণে উপজেলা পর্যায়ে ঐতিহাসিক ৭ ই মার্চ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য দলমত নির্বিশেষে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সহযোগিতা কামণা করা হয়। অতঃপর জাতীয় কর্মসূচির উপর বিস্তারিত আলাপ-আলোচনা ও সকলের মতামতের ভিত্তিতে সভায় নিম্নরূপ কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| তারিখ | সময় | কর্মসূচী ও স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭মার্চ,২০২৩ মঙ্গলবার | সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, বেসরকারি,স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ভবনে জাতীয় পতাকা উত্তোলন (পতাকা বিধি অনুসারে) | স্ব-স্ব প্রতিষ্ঠান |
| ৭মার্চ,২০২৩ মঙ্গলবার | সকাল ১০.০০ টা | বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ { উপজেলা পরিষদ প্রাঙ্গণ} | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৭মার্চ,২০২৩ মঙ্গলবার | সকাল ১০.১৫ টা | সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্রতিযোগীতা (বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ও চিত্রাঙ্কন) স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৭মার্চ,২০২৩ মঙ্গলবার | সকাল ১০.৪০ টা | বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টরী প্রদর্শনী | |
| ৭মার্চ,২০২৩ মঙ্গলবার | সকাল ১১.০০ টা | আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৭মার্চ,২০২৩ মঙ্গলবার | সুবিধাজনক সময়ে | উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রচার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার |
| ৭মার্চ,২০২৩ মঙ্গলবার | সুবিধাজনক সময়ে | স্কুল পর্যায়ে অসমাপ্ত আত্নজীবনী বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতা আয়োজন এবং কলেজ পর্যায়ে কারাগারের রোজনামচা, আমার দেখা নয়াচীন বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতা আয়োজন | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার |

০২. প্রতিটি অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা প্রশাসন কর্তৃক যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে উপদেষ্টা কমিটি ও উদ্‌যাপন কমিটি (পরিশিষ্ট-খ) সহ বিভিন্ন উপ-কমিটি (পরিশিষ্ট-গ) গঠন করা হয়।

০৩. উদ্‌যাপন কমিটি দিবসের কর্মসূচি বাস্তবায়নে সার্বিক তদারকি এবং সমন্বয় সাধন করবেন।

০৪. গৃহীত কর্মসূচি নিরাপদে বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠানাদির সকল ভেন্যুতে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ অনুরোধ করা হয়।

০৫.উপজেলা পর্যায়ের সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্য হতে (ক) গ্রুপ ঃ১ম- ৫ম শ্রেণী, (খ) গ্রুপ ঃ ৬ষ্ঠ- ৮ম শ্রেণী, (গ) গ গ্রুপ ঃ ৯ম- ১০ম শ্রেণীর ০৪ টি গ্রুপে বিভক্ত করে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ, রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগীতা আয়োজন এবং বিজয়ী নির্বাচন করার জন্য নিম্নোক্ত বিচারক প্যানেল গঠন করা হলো।

| | |
|---|---|
| (I) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ | আহ্বায়ক |
| (II) উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ | সদস্য |
| (III)উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ | সদস্য |
| (IV)একাডেমিক সুপারভাইজার, কুমিল্লা সদর দক্ষিণ | সদস্য |

০৬. এ উপজেলাধীন প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব ব্যবস্থাপনায় জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়ন করে যাতে দিবসটি যথাযথভাবে পালন করা হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লাকে অনুরোধ করা হয়।

০৭. সাংস্কৃতিক অনুষ্ঠান স্থলে ০৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ঃ০০ টার মধ্যে একজন ডাক্তারের নেতৃত্বে একটি মেডিকেল টিম রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৮. বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপর স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন ও জাতির পিতা বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচারসহ সকল কর্মসূচী ব্যপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগন/স্থানীয় জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হলো।

০৯. সকল সরকারি/বেসরকারি অফিস, সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান এবং এনজিও এর প্রধানগণকে তাদের অধীনস্ত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে সাথে নিয়ে উক্ত অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়।

১০. অনুষ্ঠান সমূহ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অনুষ্ঠান চলাকালীন নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে অনুরোধ করা হলো।

১১. অনুষ্ঠান সমূহ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অনুষ্ঠান চলাকালীন সময়ে যে কোন ধরণের দুর্ঘটনা মোকাবেলার জন্য অনুষ্ঠান স্থলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর একটি অগ্নিনির্বাপক দল নিয়োজিত করার জন্য স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হলো।

১২. অনুষ্ঠানমালা মোতাবেক গৃহীত অনুষ্ঠানসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল অফিস, সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানকে সর্বাত্মক অংশগ্রহণের মাধ্যমে সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি কর্তৃক দিবসটি উদ্‌যাপন উপলক্ষে উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে সার্বিক সহযোগিতার আহবান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০৩/২০২৩

শুভাশিস ঘোষ
উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.৩৫.০১৩.২০২২-১৪২

তারিখ ঃ ০২/০৩/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৬। জেলা প্রশাসক,কুমিল্লা।
০৭। ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।{ মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য}
০৮। সিভিল সার্জন, কুমিল্লা।
০৯। পুলিশ সুপার, কুমিল্লা।
১০। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।
১১। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১২। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১৩।..............................................................................................................................
১৪। সংরক্ষণ নথি।

০২/০৩/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা